গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

# ২০২০-২১ অর্থবছরের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবু জুবাইর হোসেন বাবলু<br>যুগ্মসচিব (প্রশাসন) |
| সভার তারিখ | ১৪ সেপ্টেম্বর ২০২০ |
| সভার সময় | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | যুগ্মসচিব এর অফিস কক্ষে |
| উপস্থিতি | সংযুক্তি |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব, মোছাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী গত ২০ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত ২য় সভার সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভায় এ বিভাগের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার ০৩টি (তিন) কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০২। সভায় উল্লেখ করা হয় যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ১২.১ এ একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন ও অফিস আদেশ আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে করার বিষয়ে উল্লেখ আছে। এ প্রেক্ষিতে 'এলপিজি প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রদান' সেবাটি সহজিকরণের প্রস্তাব করা হয়। উক্ত আলোচনায় সিস্টেম এনালিস্ট জানান যে, প্রাকৃতিক গ্যাসের স্বল্পতার কারণে বিকল্প জ্বালানি হিসেবে এলপি গ্যাসের নিরাপদ ও সহজলভ্য ব্যবহারের লক্ষ্যে সরকার কর্তৃক নানা উদ্যোগ গ্রহণের পাশাপাশি কয়েকটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। ফলে এলপিজি প্ল্যান্ট স্থাপনের অনুমতি সহজিকরণের মাধ্যমে ভোক্তা সাধারণের নিকট এলপি গ্যাস সহজে ও দ্রুত সময়ে পৌঁছে দেয়া সম্ভব হবে।

০৩। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৬.১ এ উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ আগামী ১৯ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় ড. মুহা মনিরুজ্জামান (উপসচিব) ল্যান ভিত্তিক ফটোকপি করা উদ্ভাবনটি প্রস্তাব করেন। উক্ত আলোচনায় সিস্টেম এনালিস্ট জানান যে, এ উদ্ভাবনটি বাস্তবায়ন করা হলে অর্থ, সময়, কাগজ ও কালির সাশ্রয় হবে। ল্যান ভিত্তিক ফটোকপি করা সেবাটি বাস্তবায়নের জন্য নির্ধারিত ফটোকপি মেশিনটি নেটওয়ার্কে সংযুক্ত থাকতে হবে যার ফলে যে কোন কম্পিউটার ব্যবহারকারী নিজ কম্পিউটার হতে প্রিন্ট কমান্ডের মাধ্যমে যে কোন পরিমাণের ফটোকপি/প্রিন্ট করতে পারবে। এর ফলে অতিরিক্ত কোন প্রিন্টারের প্রয়োজন হবেনা।

০৪। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ১৩.৩ এ দপ্তর/সংস্থার উদ্ভাবনী ৩টি প্রকল্প সরেজমিনে পরিদর্শন ও সহায়তা প্রদানের বিষয়ে উল্লেখ আছে। এ প্রেক্ষিতে কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি (কেজিডিসিএল), বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স), বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোঃ লিঃ (বিজিএফসিএল), গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিঃ (জিটিসিএল) ও সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ এর উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন করার বিষয়ে সভার সকলে একমত পোষণ করেন।

০৫। উদ্ভাবনী উদ্যোগের তালিকা আগামী নভেম্বর ৩, ২০২০ তারিখের মধ্যে এ বিভাগের তথ্য বাতায়নে প্রকাশ করার বিষয়ে বাধ্যবাধকতা আছে। ইনোভেশন কমিটির সদস্য, জনাব মোঃ কবির উদ্দিন জানান যে, উদ্ভাবনী আইডিয়া সংগ্রহ করার লক্ষ্যে এ বিভাগের প্রতিটি শাখায় পত্র প্রেরণ করা হয়েছিল কিন্তু কোন ইনোভেশন আইডিয়া পাওয়া যায়নি। তাছাড়া, সভায় চারটি উদ্ভাবনী আইডিয়া প্রস্তাব করেন, তা হলঃ ১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশিকা ফলক স্থাপন করা ২) স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ার তৈরি করা ৩) মহিলা টয়লেট নির্মাণ করা এবং ৪) পারসনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (পিএমআইএস) সফটওয়ার তৈরি করা।

০৬। এ বিভাগের ইনোভেশন কমিটির গত ২০ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত ২য় সভার সিদ্ধান্ত শত ভাগ অর্জন/বাস্তবায়ন হয়েছে, এতে সভাপতি সন্তোষ প্রকাশ করেন।

০৭। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | বিবরণ | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৭.১ | আগামী ২০ অক্টোবর ২০২০ তারিখে ইনোভেশন কমিটির ৪র্থ সভা আয়োজন করতে হবে। | সদস্য সচিব |
| ৭.২ | 'এলপিজি প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রদান' সেবাটি আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে বাস্তবায়ন ও অফিস আদেশ জারি করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |
| ৭.৩ | ল্যান ভিত্তিক ফটোকপি উদ্ভাবন আইডিয়া আগামী ১৯ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে বাস্তবায়ন ও অফিস আদেশ জারি করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |
| ৭.৪ | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি (কেজিডিসিএল), বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স), বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোঃ লিঃ (বিজিএফসিএল), গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিঃ (জিটিসিএল) ও সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ এর উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |
| ৭.৫ | ১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশিকা ফলক স্থাপন ২) স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ার তৈরি ৩) মহিলা টয়লেট নির্মাণ এবং ৪) পারসনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (পিএমআইএস) সফটওয়ার তৈরি উদ্ভাবনী উদ্যোগসমূহ আগামী নভেম্বর ৩, ২০২০ তারিখের মধ্যে অনুমোদন পূর্বক এ বিভাগের তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |
| ৭.৬ | এ বিভাগের ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ অর্জন/বাস্তবায়ন করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |

৮.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু জুবাইর হোসেন বাবলু
যুগ্মসচিব (প্রশাসন)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১৫৭

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৭
১২ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৩) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব